



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
রংপুর।

<http://rangpur.judiciary.org.bd/>

অফিস আদেশঃ

তারিখঃ ১৩ মার্চ, ২০১৯ খ্রিঃ/ ২৯ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ।

জেলা জজ ও অধঃস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ মোতাবেক রংপুর জেলা জজ ও অধঃস্তন আদালত ও দণ্ডরসমূহের সহায়ক কর্মচারীর বিভিন্ন শূন্য পদসমূহ সরাসরি ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত জেলা জজ আদালতের সহায়ক কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির অদ্য ১৩/০৩/২০১৯ খ্রিঃ তারিখের প্রদত্ত সুপারিশের প্রেক্ষিতে নিম্ন বর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ২০তম গ্রেডে ৮,২৫০---২০,০১০/- টাকা বেতনস্কেলে " অফিস সহায়ক " এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইল।

| ক্রমিক নং | রোল | মেধাক্রম | প্রার্থীর নাম | পিতার নাম | স্থায়ী ঠিকানা |
|-----------|-----|----------|--|-------------|---|
| ০১ | ১৮ | ১ম | রিপন মিয়া জন্ম তারিখ ১০/১০/১৯৮৯ খ্রিঃ | শুককু মিয়া | গ্রামঃ শাহপুর, ডাকঃ মীর শাহপুর উপজেলাঃ কসবা, জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া। |

শর্তাবলীঃ

- ১। সিভিল সার্জন কর্তৃক সংশ্লিষ্ট প্রার্থীর শারীরিক সুস্থতা সম্পর্কে প্রদত্ত অভিমত এবং সন্তোষজনক পুলিশ তদন্ত প্রতিবেদন সাপেক্ষে এই নিয়োগ প্রদান করা হইল।
- ২। এই নিয়োগপত্র অনুসারে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসরের জন্য তিনি শিক্ষানবিশ হিসাবে থাকিবেন, তবে স্থায়ীকরণের পূর্বে সংশ্লিষ্ট কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত মেয়াদ এক বা একাধিকবার সর্বসাকুল্যে ০২(দুই) বৎসর পর্যন্ত বৃদ্ধি করা হইবে।
- ৩। শিক্ষানবিশ মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কাজকর্ম কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হইলে চাকরিতে স্থায়ী করা হইবে।
- ৪। শিক্ষানবিশের আচরণ ও কাজকর্ম নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান না হইলে কিংবা কর্মদক্ষ হওয়ার সম্ভবনা না থাকিলে বিধি মতে কর্তৃপক্ষ চাকরির অবসান ঘটাইতে পারিবেন।
- ৫। নিয়োগকৃত কর্মচারীর চাকরি সংক্রান্ত অন্যান্য বিষয়ে বাংলাদেশ সার্ভিস রুলস অনুসরণ করা হইবে।

যদি উপরের শর্তাবলী নিয়োগকৃত কর্মচারীর নিকট গ্রহণযোগ্য হয় তাহা হইলে তিনি আগামী ২১/০৩/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে যে কোন তারিখ পূর্বাঙ্কে জেলা জজ আদালত, রংপুর এর কার্যালয়ে যোগদান করিবেন। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করিলে তিনি চাকরিতে যোগদান করিতে সম্মত হন নাই মর্মে এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

স্বাক্ষরিত

(ড. মোঃ আবদুল মজিদ)
ভারপ্রাপ্ত জেলা জজ
রংপুর।

স্মারক নং জে:জ:রং- ১২৪ (৬) /২০১৯

তারিখঃ ১৩ মার্চ, ২০১৯ খ্রিঃ/ ২৯ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যান, জেলা জজ আদালত বাতায়ন কমিটি, রংপুর।
- ২। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ৪। রিপন মিয়া
- ৫। আদেশ বহি/অফিস ফাইল।



(ড. মোঃ আবদুল মজিদ)
ভারপ্রাপ্ত জেলা জজ
রংপুর।